

Series : SKS/1

Code No. 5/1

Roll No.

--	--	--	--	--	--	--	--

Candidates must write the code on the title page of the answer-book.

- Please check that this question paper contains 4 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 15 questions.
- **Please write down the serial number of the question before attempting it.**
- 15 Minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the student will read the question paper only and will not write any answer on the answer script during this period.

বাংলা
BENGALI

সময় : 3 ঘন্টা

Time allowed : 3 Hours

সর্বমোট অঙ্ক : 100

Maximum Marks : 100

SECTION – A (GRAMMAR)

1. ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন একটির, দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখ : $5 \times 1 = 5$

- (a) স্বরভক্তি
- (b) সমীভবন
- (c) অপিনিহিতি

2. যে কোন দু'টি অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ : $5 \times 2 = 10$

- (a) উপমা
- (b) সমাসোক্তি
- (c) যমক
- (d) অনুপ্রাস

অথবা

অলঙ্কার নির্ণয় কর। (দু'টি)

- (a) ঝর্না ! ঝর্না ! সুন্দরী ঝর্না !
তরলিত চন্দ্রিকা চন্দনবর্ণা !

- (b) চঞ্চল আলো আশার মতন
কাঁপিছে জলে,
- (c) বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে
- (d) পাইয়া চরণতরি তরি ভবে আশা,
- (e) কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর
3. নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন কর : (দু'টি) $2\frac{1}{2} \times 2 = 5$
- (a) আমি তাকে সব কথা বুঝিয়েছি। (কর্মবাচ্য)
- (b) রামসুন্দর তা জানতেন। (কর্মবাচ্য)
- (c) এটা আমার জানা ছিল না। (কর্তৃবাচ্য)
- (d) ওষুধ দেওয়া হয়েছে। (কর্তৃবাচ্য)
4. যে কোন পাঁচটি প্রবাদ-প্রবচন / বাগধারার অর্থ লিখে বাক্যরচনা কর। $2 \times 5 = 10$
- পেটে খেলে পিঠে সয়, ধরি মাছ না ছুঁই পানি, গাছে কাঁঠাল গোঁফে তেল, 'বরের ঘরের মাসি, কনের ঘরের পিসি', অন্ধকারে চিল ছোঁড়া, উলুবনে মুক্তা ছড়ানো, ভস্মে ঘি ঢালা, হাতে হাঁড়ি ভাঙা

SECTION – B (WRITING)

5. নীচে প্রদত্ত যে কোন একটি বিষয়ে 100 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর : $7 \times 1 = 7$
- (a) শিশুশ্রমিক সমস্যা
- (b) বছরের প্রথম বৃষ্টির দিনটি
- (c) মোবাইল ফোন
6. নীচে প্রদত্ত যে কোন একটি বিষয়ের উপর 100 শব্দের মধ্যে একটি প্রতিবেদন রচনা কর : $6 \times 1 = 6$
- (a) রাস্তা ভাঙা থাকায় বাস উল্টে সাতজন আহত
- (b) ষোল বছর বয়সী বালকের সাহসী চেষ্টায় দুর্বৃত্ত ধৃত
- (c) স্থানীয় স্কুলে একটি বিজ্ঞান-প্রদর্শনী
7. বাইরে বেড়াতে গিয়ে টেন যাত্রার অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো। $7 \times 1 = 7$
- অথবা
- অনেক দিন মাকে না দেখে মন কেমন করছে একথা জানিয়ে মাকে একটি চিঠি লেখ !

SECTION – C (LITERATURE)

8. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : 5
ভাগিনা কহিল, “মহারাজ পাখিটার শিক্ষা পুরা হইয়াছে।”

অথবা

সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি। ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি ?

9. কিছু খুপরীর একধারে সিঁদুরমাখানো কালো পাথরের রাধাকৃষ্ণমূর্তি দেখিয়া বুঝিলাম, রাজু ভক্তমানুষ। 2 + 2 + 2 + 3 = 9

- (a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?
(b) কখন কে এ কথা বলেছেন ?
(c) রাজু কেন বক্তার কাছে এসেছিল ?
(d) রাজু কেমন লোক ছিল তা অতি সংক্ষেপে লেখ।

অথবা

চোরের দন্ড হয়, চুরির মূল যে কৃপণ তাহার দন্ড হয় না কেন ?

- (a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?
(b) কে, কাকে এই কথা বলেছে ?
(c) বক্তার এ কথা বলার কারণ কী ?
(d) বক্তার কথার যুক্তি সম্বন্ধে তোমার খুব সংক্ষিপ্ত মতামত দাও।

10. ‘যদি খাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কী করিব ?’ 2 + 4 = 6
(a) কে, কাকে এ কথা বলেছে ?
(b) কখন কোন্ প্রসঙ্গে কথাটি বলা হয়েছে ?

অথবা

“মহারাজ পাখিটার শিক্ষা পুরা হইয়াছে”

- (a) বক্তা কে ? কখন কথাটি বলেছে ?
(b) পাখিটার শিক্ষা কীভাবে “পুরা” হয়েছিল তা অতি সংক্ষেপে লেখ।

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : 5
পতঙ্গ যে রসে ধায় ধাইলি অবোধ, হায় !
না দেখিলি, না শুনিলি, এবে রে পরান কাঁদে

অথবা

দুঃখ সুখ দিবসরজনী
মন্দির করিয়া তোলে জীবনের মহামন্ত্রধ্বনি

12. রাজছত্র ভেঙে পড়ে রন-ডঙ্কা শব্দ নাহি তোলে,
জয়ন্তম্ভ মূচসম অর্থ তার ভোলে, - 1 + 2 + 3 = 6

- (a) কার লেখা, কোন্ কবিতা থেকে নেওয়া ?
(b) 'রাজছত্র ভেঙে পড়ে' বলতে কী বোঝানো হয়েছে ?
(c) 'জয়ন্তম্ভ মূচসম' শব্দগুচ্ছটি ব্যাখ্যা কর ।

অথবা

এ বয়স জানে রক্তদানের পুণ্য
বাপের বেগে ঈমারের মত চলে

- (a) কার লেখা, কোন্ কবিতা থেকে নেওয়া ?
(b) 'রক্তদানের পুণ্য' বলতে কী বোঝানো হয়েছে ?
(c) বাপের বেগে ঈমারের মত চলে পঙক্তিটি অতি সংক্ষেপে বুঝিয়ে দাও ।

13. 'আত্মবিলাপ' কবিতায় কবি কেন বিলাপ করেছেন ? 4 × 1 = 4

অথবা

'ওরা কাজ করে' কবিতায় 'ওরা' বলতে কবি কাদের বুঝিয়েছেন, ব্যাখ্যা কর ।

14. 'যেন ভস্মাচ্ছাদিত বহি । যেন যুগান্তব্যাপী কঠোর তপস্যা সঙ্গে করিয়া তিনি এইমাত্র আসন ছাড়িয়া
উঠিয়া আসিলেন ।' 2 + 3 + 5 = 10

- (a) কার সম্পর্কে বলা হয়েছে ?
(b) ভস্মাচ্ছাদিত বহি মানে কী ?
(c) এই উক্তির মাধ্যমে উদ্দিষ্ট ব্যক্তির কোন্ চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে ?

অথবা

"একটা ছোট ছেলের যা সাহস, এক বাড়ি লোকের তা নেই ।"

- (a) কে, কাকে বলেছেন ?
(b) কোন্ ঘটনাটির মধ্য দিয়ে ছোট ছেলেটির সাহস প্রকাশ পেয়েছে ?
(c) বক্তার চরিত্রের পরিচয় দাও ।

15. টীকা লেখ : (যে কোন একটি) 5

- (a) নতুনদা
(b) রাজলক্ষ্মী
(c) শাহজী
(d) কুমারসাহেব